গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলাপ্রশাসকের কার্যালয়,ময়মনসিংহ
(জুডিসিয়াল মুন্সিখানা শাখা)

স্মারক নং : ০৫.৪৫.৬১০০.০১০.০০.০১৪.১৯-৬৩২(৫০) তারিখ : ০৪/০৭/২০১৯ খ্রি:

বিষয়: জেলা নারী ও শিশু পাচার সংক্রান্ত মামলা মনিটরিং এবং ভিকটিম উদ্ধার ও পুনর্বাসন বিষয়ক সভা।

আগামী ১১ জুলাই, ২০১৯ তারিখ রোজ বৃহস্পতিবার **সকাল ১১:১০ টায়** জেলা নারী ও শিশু পাচার সংক্রান্ত মামলা মনিটরিং এবং ভিকটিম উদ্ধার ও পুনর্বাসন বিষয়ক সভা ময়মনসিংহ জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে।

০২। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত হওয়ার জন্য আপনাকে অনুরোধ করা হ'ল।

৪/৭/১৯
(সমর কান্তি বসাক)
অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট
ময়মনসিংহ।
ফোন: ০৯১-৬৫৭৬৮( অফিস)

প্রাপক:
১। পুলিশ সুপার, ময়মনসিংহ।
২। উপজেলা নির্বাহী অফিসার, ......................(সকল), ময়মনিসংহ।
৩। উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর, ময়মনসিংহ।
৪। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ময়মনসিংহ
৫। নেজারত ডেপুটি কালেক্টর, ময়মনসিংহ।
৬। সহকারী কমিশনার (গোপনীয়). বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, ময়মনসিংহ মহোদয়ের সদয় অবগতির জন্য।
৭। সহকারী কমিশনার, আইসিটি শাখা( উক্ত নোটিশটি জেলা তথ্য বাতায়নে আপলোড করবেন)।
৮। বিজ্ঞ পাবলিক প্রসিকিউটর, ময়মনসিংহ।
৯। জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ময়মনসিংহ।
১০। জেলা তথ্য অফিসার, ময়মনসিংহ।
১১। প্রবেশন অফিসার, সমাজসেবা অধিদপ্তর, ময়মনসিংহ।
১২। বিশেষ পিপি, নারী ও শিশু পাচার ট্রাইব্যুনাল, ময়মনসিংহ।
১৩। ............................................................ময়মনসিংহ।

আলোচ্যসূচি:
ক। নারী ও শিশু পাচার সংক্রান্ত মামলাগুলো দ্রুত নিস্পত্তির লক্ষ্যে নিবিড় মনিটরিং করা।
খ। প্রকৃত অপরাধীর যেন শাস্তি হয় এবং নিরীহ লোক যেন হয়রানীর শীকার না হয় তা মনিটর করা।
গ। নারী ও শিশু পাচার রোধের জন্য গৃহীতব্য কার্যাবলী বাস্তবায়ন করা।
ঘ। নারী ও শিশু পাচার সংশ্লিষ্ট ভিকটিমদের উদ্ধারের পর যথাযথ আশ্রয় ও পুনর্বাসন কার্যক্রম মনিটর করা এবং এ প্রসঙ্গে বিভিন্ন এন.জি. ও দের সমন্বয় সাধন করা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ।
(জুডিসিয়াল মুন্সিখানা শাখা)
www.mymensingh.gov.bd

**ময়মনসিংহ জেলার নারী ও শিশু পাচার সংক্রান্ত মামলার মনিটরিং এবং ভিকটিম উদ্ধার ও পুনর্বাসন বিষয়ক জেলা কমিটির মাসিক সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. সুভাষ চন্দ্র বিশ্বাস<br>জেলা ম্যাজিস্ট্রেট, ময়মনসিংহ |
| স্থান | : | জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ |
| তারিখ | : | ১০ জুন, ২০১৯ |
| সময় | : | সকাল ১১.১০ টা |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা (পরিশিষ্ট ক')

সভায় উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার শুরুতে গত ১২ মে, ২০১৯ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। সভায় নারী ও শিশু পাচার সংক্রান্ত মামলার অগ্রগতি নিয়ে নানাবিধ আলোচনা করা হয়। সহকারী পুলিশ সুপার, সদর সার্কেল, ময়মনসিংহ সভাকে অবহিত করেন যে, এ জেলার নারী ও শিশু পাচার সংক্রান্ত কোন মামলা নেই।

অত:পর বিস্তারিত আলোচনান্তে নিম্নে বর্নিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১ | সভায় নারী ও শিশু পাচার সংক্রান্ত মামলার তদন্ত, সমস্যা এবং তদন্তের অগ্রগতির বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এছাড়াও নিরীহ লোকজন যেন অযথা হয়রানির শিকার না হয় এবং প্রকৃত অপরাধীর সাজা প্রাপ্তি নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলের সতর্কতা ও তদারকির বিষয়ে আলোচনা করা হয় যেন একই ধরনের অপরাধের পুনরাবৃত্তি না ঘটে। | নারী ও শিশু পাচার সংক্রান্ত মামলার তদন্ত কার্যক্রম তথ্যভিত্তিক, সুষ্ঠুভাবে দ্রুত সম্পাদন করতে হবে। প্রকৃত অপরাধীকে আইনের আওতায় আনতে হবে এবং বিভ্রান্তিমূলক তথ্যের কারণে কোন নিরীহ লোক যেন হয়রানির শিকার না হয় সে বিষয়ে যথাযথ পদক্ষেপ নিতে হবে। | পুলিশ সুপার, ময়মনসিংহ;<br>উপ-পরিচালক<br>সমাজসেবা অধিদপ্তর<br>ময়মনসিংহ। |
| ২ | নারী ও শিশু পাচার সংক্রান্ত মামলার ভিকটিমদের জেলা সদরে পুনর্বাসন বিষয়ে আলোচনা হয়। মামলা সংশ্লিষ্ট ভিকটিমদের জেলা সদরে পুনর্বাসন করা হলে মামলার প্রয়োজনে ভিকটিমদের হাজির করা সহজতর ও নিরাপদ হবে মর্মে সভার সংশ্লিষ্ট সদস্যগণ মতামত ব্যক্ত করেন। | নারী ও শিশু পাচার সংক্রান্ত মামলা রুজু হলে ভিকটিমদের আদালতে হাজির করার নিমিত্ত তাদের জেলা সদরে পুনর্বাসন বিষয়টি ত্বরান্বিত করতে হবে। অনূর্ধ ১৮ বছরের শিশু/ কিশোর অপরাধীদের সংশোধন/ অপরাধ স্পৃহা প্রশমনের স্বার্থে তাদেরকে কারাগারে প্রেরণ না করে সেইফ হোম, সংশোধনী প্রতিষ্ঠান বা অভিভাবকদের হেফাজতে নিরাপদ আশ্রয়ে প্রেরণ করার বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | পুলিশ সুপার, ময়মনসিংহ;<br>উপ-পরিচালক<br>সমাজসেবা অধিদপ্তর,<br>ময়মনসিংহ। |

| | | | |
|---|---|---|---|
| ৩ | নারী ও শিশু পাচার রোধে সকল উপজেলায় গণসচেতনতামূলক কার্যক্রম অব্যাহত আছে মর্মে উপজেলা নির্বাহী অফিসারগণ এবং জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভাকে অবহিত করেন। জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, মে/২০১৯ মাসে ১৩ টি উপজেলায় ৬৯ টি কর্মসূচির মাধ্যমে ৪,৪৮৭ জন নারী ও পুরুষকে সচেতন করা হয়। | নারী ও শিশু পাচার প্রতিরোধে উপজেলা নির্বাহী অফিসারগণ উপজেলা চেয়ারম্যান, সকল দপ্তর প্রধান, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সদস্যদের সমন্বয়ে গণসচেতনতামূলক সভা অনুষ্ঠান এবং আনসার ও ভিডিপি সদস্যদের মাধ্যমে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করবেন। | উপজেলা নির্বাহী অফিসার (সকল) ময়মনসিংহ। জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ময়মনসিংহ। |
| ৪ | হালুয়াঘাট ও ধোবাউড়া উপজেলার সীমান্তবর্তী এলাকা দিয়ে যাতে কোন নারী বা শিশু পাচার না হয়, সে বিষয়ে সভায় আলোচনা করা হয়। | হালুয়াঘাট ও ধোবাউড়া উপজেলার সীমান্তবর্তী এলাকা দিয়ে যাতে কোন নারী বা শিশু পাচার না হয়, সে বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে। | অধিনায়ক, ২৭ বিজিবি; উপজেলা নির্বাহী অফিসার হালুয়াঘাট/ধোবাউড়া, ময়মনসিংহ। |

সভায় আর কোন আলোচনা না থাকায় নারী ও শিশু পাচার প্রতিরোধে পারস্পরিক সহযোগিতা কামনা করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৩.০৬.১৯

(ড. সুভাষ চন্দ্র বিশ্বাস)
জেলা ম্যাজিস্ট্রেট
ময়মনসিংহ।
ফোন: ০৯১-৬৫৭৭৭(অফিস)
০৯১-৬৫৭৮৮ (আবাসিক)
মোবাইল নং-০১৭৩৩৩৭৩৩০০
E-mail: dcmymensingh@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪৫.৬১০০.০১০.০০.১৬৮.১৯-৫৭২ (৫০)

তারিখ: ২৫/০৬/২০১৯খ্রি:

অনুলিপি: সদয় অবগতির জন্য
১। সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৩। মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।
৪। যুগ্ম সচিব (রাজনৈতিক), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

অনুলিপি: অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
০১। পুলিশ সুপার, ময়মনসিংহ।
০২। অধিনায়ক, ৩৯ বিজিবি, ময়মনসিংহ।
০৩। উপজেলা নির্বাহী অফিসার............................(সকল), ময়মনসিংহ।
০৪। সহকারী কমিশনার আইসিটি শাখা, (উক্ত কার্যবিবরণীটি জেলা তথ্য বাতায়নে Upload করবেন)।
০৫। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ময়মনসিংহ।
০৬। সিনিয়র তথ্য অফিসার, ময়মনসিংহ।
০৭। উপ-পরিচালক, সমাজ সেবা অধিদপ্তর, ময়মনসিংহ।
০৮। জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মহিলা বিষয়ক অধিদপ্তর, ময়মনসিংহ।
০৯। বিজ্ঞ পাবলিক প্রসিকিউটর, ময়মনসিংহ।
১০। বিজ্ঞ স্পেশাল পিপি, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, ময়মনসিংহ।
১১। ..........................................................ময়মনসিংহ।
১২। অফিস কপি।

২৩.০৬.১৯
জেলা ম্যাজিস্ট্রেট
ময়মনসিংহ